# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৩৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতের প্রথম তাশাহহুদ মুসল্লীর উপর ফরয নয় মর্মে হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ التَّشَهُّدَ الْأَوَّلَ فِي الصَّلَاةِ غَيْرُ فَرْضٍ عَلَى الْمُصَلِّينَ

আরবী

1937 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا بَكْرُ بْنُ مُضَرَ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ شِمَاسَةَ قَالَ: صَلَّى بِنَا عُقْبَةُ بْنُ عَامِرٍ فَقَامَ وَعَلَيْهِ جُلُوسٌ فَقَالَ النَّاسُ وَرَاءَهُ: سُبْحَانَ اللَّهِ فَلَمْ يَجْلِسْ فَلَمَّا فَرَغَ مِنْ صَلَاتِهِ سَجَدَ سَجْدَتَيْنِ وَهُوَ جَالِسٌ فَقَالَ: إِنِّي سَمِعْتُكُمْ تَقُولُونَ: سُبْحَانَ اللَّهِ كَيْمَا أَجْلِسَ وَلَيْسَ تِلْكَ سُنَّةً إِنَّمَا السنة التي صنعته.

الراوي : عَبْدِ الرَّحْمَنِ بْنِ شِمَاسَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1937 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) تحت الحديث (951)

বাংলা

১৯৩৭. আব্দুর রহমান বিন শিমাসাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “উকবাহ বিন আমির রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের নিয়ে সালাত আদায় করেন অতঃপর তিনি দাঁড়িয়ে যান অথচ তার জন্য বসা জরুরী ছিল। তখন তার পিছনের লোকজন ‘সুবহানাল্লাহ’ বললেন। কিন্তু তিনি বসলেন না। এভাবে যখন তিনি সালাত সম্পন্ন করলেন, তখন তিনি বসা অবস্থায় দুটি সাজদা করলেন অতঃপর বললেন, “আমি আপনাদেরকে শুনেছি যে, আপনারা ‘সুবহানাল্লাহ’ বলেছেন যাতে আমি বসে যাই। কিন্তু এটা সুন্নাত নয়; সুন্নাত সেটাই যা আমি করেছি।”[1]

ফুটনোট

[1] তাবারানী: ১৭/৮৬৮; হাকিম: ১/৩২৫; সুনান বাইহাকী: ২/৩৪৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91153

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন